আলমডাঙ্গায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালন

‘আগামী প্রজন্মকে সক্ষম করি দুর্যোগ সহনশীল ভবিষ্যৎ গড়ি’ এ প্রতিপাদ্যে সারাদেশের ন্যায় আলমডাঙ্গায় আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালন করা হয়েছে। দিবসটি উপলক্ষে আজ সোমবার সকাল ৯টার দিকে উপজেলা পরিষদ কার্যালয় চত্বর থেকে এক বর্ণাঢ্য র্যালি বের হয়। র্যালিটি শহরের বিভিন্ন গুরুত্ব¡পূর্ণ সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে গিয়ে শেষ হয়।

পরে আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয় চত্বরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের উদ্যোগে ভূমিকম্প ও দুর্ঘটনা এবং অগ্নি দুর্ঘটনার ক্ষেত্রে গৃহীত পদক্ষেপের মহড়ার প্রদর্শিত হয়। এরপর পরবর্তীতে উপজেলা নির্বাহী অফিসার এর সম্মেলন কক্ষে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় আলমডাঙ্গা উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা এনামুল হকের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার রেহেনা পারভীন, ইন্সট্রাক্টর জামাল উদ্দিন, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জিয়াউল হক, কৃষি সম্প্রসারন কর্মকর্তা এ.জেড.এম ওবাইদুল্লাহ, সহকারি কৃষি সম্প্রসারন কর্মকর্তা আকরাম হোসেন, উপ-সহকারি কৃষি কর্মকর্তা আব্দুর রফিক, আশরাফুল আলম, মডেল মসজিদের পেশ ইমাম মাওলানা মাসুদ কামাল, স্টেশন অফিসার আব্দুল্লাহ আল মামুনসহ বে-সরকারি সংস্থা সুধীসমাজের প্রতিনিধিগণ ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় উপজেলা নির্বাহী অফিসার শেখ মেহেদী ইসলাম বলেন, বাংলাদেশ একটি দুর্যোগপ্রবণ দেশ। প্রতি বছর কোন না কোনো দুর্যোগে জানমালের ব্যাপক ক্ষয়ক্ষতি হয়ে থাকে। আগাম সতর্কবার্তার ওপর ভিত্তি করে দুর্যোগ আঘাত হানার আগেই কার্যকর পদক্ষেপ গ্রহণ করা গেলে দুর্যোগের সম্ভাব্য ক্ষয়ক্ষতি অনেকাংশে কমিয়ে আনা সম্ভব। তিনি বলেন, দুর্যোগের ঝুঁকি হ্রাসে জনগণ ও সংশ্লিষ্টদের সচেতনতা বৃদ্ধি করতে হবে।

মুজিবনগরে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস পালন

মুজিবনগরে “আগামী প্রজন্মকে সক্ষম করি দুর্যোগ সহনশীল ভবিষ্যৎ গড়ি” এই প্রতিপাদ্যে পালিত হয়েছে আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২৪। মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে এবং উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ এর বাস্তবায়নে,আন্তর্জাতিক দুর্যোগ প্রশমন দিবস-২০২৪ উদ্যাপন উপলক্ষ্যে র্যালি, আলোচনা সভা, ভূমিকম্প ও অগ্নিকান্ড বিষয়ক মহড়া অনুষ্ঠিত হয়েছে।
দিবসটির পালন উপলক্ষে সকালে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে একটি বর্ণাঢ্য রেলি উপজেলা পরিষদ থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা পরিষদ চত্বরে এসে শেষ হয় সেখানে উপজেলা ফায়ার ব্রিগেড ও সিভিল ডিফেন্সের তত্ত্বাবধানে ভূমিকম্প ও অগ্নি নির্বাপক মহড়া অনুষ্ঠিত হয়। বিশেষ করে ভাসমান পানির উপরে লাগা আগুন কিভাবে নেভাতে হয় গ্যাস সিলিন্ডারে লাগা আগুন কিভাবে নেভাতে হয় এবং বহুতল ভবনে অগ্নিকাণ্ড ঘটলে ফায়ার ফাইটাররা কিভাবে আগুন নির্বাপন করে তার মহড়া অনুষ্ঠিত হয়।
পরে উপজেলা পরিষদ মিলোনায়তনে দিবস টি উপলক্ষে উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলামের সভাপতিত্বে এবং দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ও প্রকল্প বাস্তবায়ন অফিসার মাশরুবা আলমের সঞ্চালনায় আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
র্যালী ও আলোচনা সভায় উপস্থিত ছিলেন, মুজিবনগর থানা অফিসার ইনচার্জ তদন্ত আমিনুল ইসলাম, উপজেলা ফায়ার ব্রিগেড ও সিভিল ডিফেন্স কর্মকর্তা শাহজাহান আলী, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্সসহ উপজেলার কর্মকর্তা কর্মচারী এবং মুজিবনগর শিশু পরিবারের ছাত্র-ছাত্রীরা।
এ সময় বক্তরা বলেন, যে কোনো দুর্যোগে যথাযথ পূর্বাভাস, প্রস্তুতির মাধ্যমে ঝুঁকিহ্রাস করে জনগণের জানমালের ক্ষতি কমিয়ে আনা সম্ভব। প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় বহুমুখী পদক্ষেপ গ্রহণ করা হয়ে থাকে। বর্তমান সরকারের নীতি পরিকল্পনায় ইতোমধ্যে দুর্যোগ কালীন বিভিন্ন ব্যবস্থাপনার মাধ্যমে ঝুঁকি হ্রাস কৌশল অন্তর্ভুক্ত হয়েছে এবং সবধরনের দুর্যোগ মোকাবেলায় সরকার বহুমুখী কর্মসূচি বাস্তবায়ন করছে।
দুর্যোগ মোকাবেলায় এসব কর্মপরিকল্পনা গ্রহণ করায় বহিঃর্বিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে এবং দুর্যোগ ব্যবস্থাপনায় আমাদের সক্ষমতার পরিচিতি বৃদ্ধি পেয়েছে।

মেহেরপুরে জাতীয় তামাক মুক্ত দিবস উপলক্ষে অবস্থান কর্মসূচি পালন

জনস্বাস্থ্য সুরক্ষায় তামাক ব্যবসা থেকে সরকারের অংশীদারিত্ব প্রত্যাহার করা হোক”এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরে পালিত হয়েছে জাতীয় তামাকমুক্ত দিবস অবস্থান কর্মসূচি ও লিফলেট ক্যাম্পেইন।

আজ বুধবার (৯ অক্টোবর) সকাল ১১ টায় মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এই অবস্থান কর্মসূচি অনুষ্ঠিত হয়। অবস্থান কর্মসূচি শেষে প্রধান সড়কে গিয়ে লিফলেট বিতরণ করা হয়।

এই অবস্থান কর্মসূচিতে নেতৃত্ব দেন আমঝুপি সুবাহ সামাজিক উন্নয়ন সংস্থা নির্বাহী পরিচালক মঈন উল আলম।

এ সময় উপস্থিত ছিলেন গাংনী শ্মশান ঘাটপল্লী উন্নয়ন সংস্থা নির্বাহী পরিচালক আবু আবিদ, আমঝুপি এস পি এইচ আরের নির্বাহী পরিচালক মহিদুল আলম ওহিদ প্রমুখ।

বাড়ি মেহেরপুরের ৭ম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

বাড়ি মেহেরপুর অরাজনৈতিক, অলাভজনক, সামাজিক ও সেবামূলক সংগঠন জনপ্রকৌশল অধিদপ্তর সংলগ্ন, মেহেরপুর প্রধান কার্যালয়ে ৭ম প্রতিষ্ঠা বার্ষিক আয়োজন করা হয়েছে।

আজ মঙ্গলবার (৮ অক্টোবর) বিকেল ৫টার সময় বাড়ি মেহেরপুর

অরাজনৈতিক, অলাভজনক, সামাজিক ও সেবামূলক সংগঠন জনপ্রকৌশল অধিদপ্তর সংলগ্ন, মেহেরপুর প্রধান কার্যালয়ে ৭ম প্রতিষ্ঠা বার্ষিক পালন করা হয়।

বাড়ি মেহেরপুরের প্রতিষ্ঠাতা এডমিন আমেরিকান প্রবাসী এম এম নুরুজ্জামান বাবু সহযোগিতায় ও বাড়ি মেহেরপুরের এর উদ্যোগে এই সময় উপস্থিত ছিলেন, মোহাম্মদ রিনু (এডমিন), নাসরিন বিনতে মেরাজ (এডমিন), এম এ মাবুদ (মডারেটর), আসাদুজ্জামান খান রাজ (এডমিন), মো: একরামুল, মো: সোহেল, মো: আসিব, মো: রায়হান সদস্য প্রমুখ।

মেহেরপুরে বিশ্ব বসতি দিবস পালন

“তরুণদের সম্পৃক্ত করি উন্নত নগর গড়ি” আলোচনা সভা ও র্যালির মধ্যদিয়ে মেহেরপুরে বিশ্ব বসতি দিবস-২০২৪ উদযাপন আয়োজন করা হয়েছে।

আজ সোমবার (৭ অক্টোবর) সকাল ৯ টার সময় মেহেরপুর জেলা প্রশাসন ও গণপূর্ত বিভাগের উদ্যোগে জেলা প্রশাসকের কার্যালয় থেকে জেলা প্রশাসক সিফাত মেহনাজের নেতৃত্বে বিশ্ব বসতি দিবসের র্যালি শুরু করে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয় শেষ হয়।

বিশ্ব বসতি দিবসের র্যালি শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। আলোচনা সভায় অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক মোঃ তানভীর হাসান রুমানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী এস এম রফিকুল হাসান এসময় তিনি বলেন বসতি দিবসে তরুণদের সম্পৃক্ত করে উন্নত নগর গড়িয়ে তুলতে তরুণদের একেএ হবার আশা প্রকাশ করেন।

এ ছাড়াও ইসলামিক ফাউন্ডেশনের উপ-পরিচালক এ জে এম সিরাজুম মূনীর,

জেলা শিক্ষা অফিসার মোঃ আব্বাস উদ্দিন তাদের বক্তব্যে বলেন তরুণদের সম্পৃক্ত করি উন্নত নগর গড়িয়ে তরুণদের সম্পৃক্ত করে উন্নত মানের একটি দেশ গড়ার কথা বলেন।

আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রে গাজী মূয়ীদুর রহমান, টিটিসি’র অধ্যক্ষ আরিফ হাসেন তালুকদার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক আবুল হাসেমসহ বিভিন্ন প্রতিষ্ঠানের কর্মকর্তা বৃন্দ।

চুয়াডাঙ্গায় জাতীয় জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস পালন

‘জন্ম মৃত্যু নিবন্ধন, আনব দেশে সুশাসন’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গায় জাতীয়জন্ম ও মৃত্যু নিবন্ধন দিবস পালিত হয়েছে।

আজ রবিবার সকাল সাড়ে ৯ টায় সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়ে চত্বর থেকে একটি র্যালি বের হয়ে শহরের কোর্ট মোড়ে ঘুরে একই স্থানে র্যালি শেষ হয়। এরপর দিবসটি উপলক্ষে আলোচনা সভা করা হয় জেলা প্রশাসক সম্মেলন কক্ষে।

চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক ও স্থানীয় সরকারের উপ-পরিচালক শারমিন আক্তারের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক জহিরুল ইসলাম বলেন, ‘নাগরিককে জন্ম সনদ দিতে হবে। এই জন্য সবাইকে জন্ম ও মৃত্যু সনদ গ্রহণ করতে হবে। জন্ম সনদে সব সময় ছোট নাম দিতে হবে। গ্রামের ইউনিয়নপর্যায়ে জন্ম ও মৃত্যু সনদ নিতে যেন কোন বিলম্ব সৃষ্টি না হয়। এই জন্য গ্রামের পুলিশের সচেতন থাকতে হবে। গ্রাম পুলিশের সঠিক তথ্যের কারণে জন্ম ও মৃত্যুর সঠিক তথ্য পাওয়াযায়। ৪৫ দিনের মধ্যে জন্ম ও মৃত্যুর সনদ গ্রহন করতে হয়। জন্ম সনদ ও মৃত্যু সনদের আইন মানতে হবে। জন্ম ও মৃত্যু সনদে ভুল দ্রুতসংশোধন করে সকল নাগরিককে দিতে হবে। জন্ম ও মৃত্যু নিবন্ধন সময় মতো রেজিষ্ট্রেশন করতে হবে। জন্ম ও মৃত্যু সনদের তথ্য সঠিক ভাবে উল্লেখ করতে হবে। শিশুজন্ম গ্রহণ করার পর মৌলিক অধিকার জন্ম সনদ গ্রহণকরা’।

সভায় আরও বক্তব্য রাখেন, চুয়াডাঙ্গা সদর উপজেলার ভুমি অফিসের সহকারী কমিশনার এস.এম. আশিশ মোমতাজ, চুয়াডাঙ্গা কালেক্টর স্কুল অ্যান্ড কলেজের নবম শ্রেণির ছাত্র সাকিব হাসান তুষার, চুয়াডাঙ্গা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্রী কারার তাফসীন, ঝিনুক বালিকা মাধ্যমিক বিদ্যালয়ের দশম শ্রেণির ছাত্রী নুসরাত আরেফিন, বৈষম্য বিরোধীছাত্র আন্দোলনের প্রতিনিধি সজিবুল ইসলাম, গ্রাম পুলিশ বিপুল দফাদার, বেগমপুর ইউনিয়ন পরিষদের প্রশাসন কর্মকর্তা ফয়জুর রহমান, প্রথম আলোর চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি শাহ আলম সনি প্রমুখ।

মেহেরপুরে জাতীয় জন্ম মৃত্যু নিবন্ধন দিবস পালন

মেহেরপুরে জাতীয় জন্ম মৃত্যু নিবন্ধন দিবস ২০২৪ উদযাপ উপলক্ষে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা আয়োজন করা হয়েছে।

আজ রবিবার (৬ অক্টোবর) সকাল ১০ টার সময় জেলা প্রশাসকের কার্যালয় থেকে বর্ণাঢ্য র্যালিটি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা শিল্পকলা একাডেমী প্রাঙ্গণে শেষ হয়। পরবর্তীতে শিল্পকলা একাডেমিতে জাতীয় জন্ম মৃত্যু নিবন্ধন দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্বে করেন স্থানীয় সরকার উপপরিচালক শামীম হোসেন, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (সার্কেল) আব্দুল করিম, মেহেরপুর সিভিল সার্জন ডাঃ মহী উদ্দিন আহমেদ, মেহেরপুর জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা: জমির মো: হাসিবুস সাত্তার, মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার আকাশ কুমার কুন্ডু ।

নির্বাহী ম্যাজিস্ট্রেট নাসরিন সুলতানার সঞ্চালনায় আরো উপস্থিত

ছিলেন মেহেরপুর কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) (ভারপ্রাপ্ত) অধ্যাপক আরিফ হোসেন তালুকদার, মেহেরপুর জেলা মাদকদ্রব্য পরিদর্শক আবুল হাশেম, মেহেরপুর ফায়ার সার্ভিস স্টেশন অফিসার শামীম রেজা প্রমুখ।

দর্শনায় ওয়েভ ফাউন্ডেশনের উদ্যাগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন

চুয়াডাঙ্গার শিল্পনগরী দর্শনার বিভিন্ন রাস্তায় শনিবার দিনব্যাপি এক আনন্দঘন পরিবেশে বৃক্ষরোপন কর্মসূচি পালন করা হয়েছে । ওয়েভ ফাউন্ডেশন, ইউথ এসম্বলি ও গো গ্রীন কর্মসূচির যৌথ উদ্যাগে আয়োজিত এই কর্মসূচি পালন করা হয়েছে।

এ বৃক্ষ রোপন কর্মসূচীর মধ্যে ছিল ছাত্র, যুব সমাজ রাজনৈতিক নেতৃবৃন্দ সাংবাদিক ও বিভিন্ন পেশাজীবি নেতৃবৃন্দসহ স্থানীয় পরিবেশকর্মীরা অংশগ্রহণ করেন।

দর্শনা প্রেসক্লাবের সম্মানিত নেতৃবৃন্দসহ বিভিন্ন শ্রেনীপেশার নেতৃবৃন্দরা সম্মিলিত ভাবে বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সম্বয়কারী আব্দুস ছালাম, অতিথি হিসাবে বক্তব্য রাখেন দর্শনা প্রেস ক্লাবের সাংবাদিক সমিতির সভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হানিফ মন্ডল, ওয়েভ ফাউন্ডেশনের উপ পরিচালক জহির রায়হান, সহকারী পরিচালক কিতাব আলী, উপদষ্টা আব্দস শুকুর, দর্শনা বিএনপি যুবদলের পৌর যুগ্মআহবায়ক জাহান আলী প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিরা বলেন বৃক্ষ আমাদের জীবনের অপরিহার্যের অংশ। বৃক্ষরোপণ শুধু পরিবেশ রক্ষা করে না এটি আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সুদর পৃথিবী গড়তে সহায়ক। ওয়েভ ফাউন্ডেশনের এই উদ্যাগে আগামী দিন তীব্র তাপদাহ মোকাবেলায়

ও পরিবেশের ভারসাম্য রক্ষায় গুরুত্বপুর্ণ ভুমিকা পালন করবে।

বৃক্ষরোপনের পাশাপাশি ওয়ভ ফাউন্ডশন, ইউথ এসম্বলি, গো গ্রীন কর্মসূচি ও স্থানীয় পরিবেশ কর্মীরা পরিবেশের ভারসাম্য রক্ষায় সচেতনতা বৃদ্ধিতে পোষ্টার ও ব্যানার প্রদর্শন করেন। এতে বিভিন্ন শ্লোগান লেখা ছিলো যেমন ”গাছ লাগায় যত্ন করি, গ্রীন লাইফ স্টাইলে চর্চা করি” “গাছ লাগান প্রাণ বাঁচান” সবুজ পথিবী, সুষ্ঠ জীবন”।

অনুষ্টানে আয়োজক সংস্থা সহযোগিরা ঘোষনা দেন প্রায় ফলজ ও বনজ ৫ হাজার রোপনকৃত এই চারা টিকিয়ে রাখার জন্য ওয়ভ ফাউন্ডশন ও রামাজুস যুব সংঘ যৌথ ভাবে স্থানীয় পরিবেশ কর্মীদের সাথে নিয়ে আগামী দুই বছর দেখভাল করবে।

অনুষ্টানটি পরিচালনা করেন ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সম্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ।

মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস ২০২৪ পালন

মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে র্যালি ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

আজ শনিবার (৫ অক্টোবর) সকাল ১০ টার সময় জেলা প্রশাসন ও জেলা শিক্ষা অফিসের আয়োজনে বিশ্ব শিক্ষক দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে র্যালি অনুষ্ঠিত হয়।
র্যালিটি মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় থেকে বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে এসে শেষ হয়।

পরে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমিতে বিশ্ব শিক্ষক দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজের সভাপতিত্বে আলোচনা সভায় উপস্থিত

ছিলেন মেহেরপুর সরকারি কলেজ অধ্যক্ষ ডাঃ এ কে এম নজরুল কবির, অতিরিক্ত জেলা প্রশাসক রনি আলম নূর, মেহেরপুর মহিলা কলেজের অধ্যক্ষ আব্দুল্লাহ আল-আমিন ধুমকেতু, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দীন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন।

মেহেরপুর জেলা শিক্ষা অফিসের গবেষণা কর্মকর্তা আখতারুজ্জামানের সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন পুলিশ পরিদর্শক আব্দুল আলিম, সরকারি প্রাথমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সহ-সভাপতি মোঃ নাজমুল হক (লিটন), ইসলামী ইতিহাসের সহকারী অধ্যাপক সোলাইমান হোসেন, মেহেরপুর সহকারী শিক্ষক শফিকুল ইসলাম মিন্টু, সহকারী শিক্ষক আখতারুজ্জামান হীরাসহ অন্যান্য শিক্ষক-শিক্ষিকারা।

মেহেরপুরে জিয়া মঞ্চের ৩১তম প্রতিষ্ঠাবার্ষিকী পালন

মেহেরপুরে জিয়া মঞ্চ এর ৩১ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আলোচনা সভার আয়োজন হয়েছে। আজ মঙ্গলবার (১ অক্টোবর) বিকেলে ৫টার সময় বড় বাজার জেলা বিএনপির কার্যালয়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা জিয়া মঞ্চের আহবায়ক অ্যাডভোকেট নজরুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সহ-সভাপতি আলমগীর খান সাতু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ন সম্পাদক ফয়েজ মোহাম্মদ, মেহেরপুর জেলা যুবদলের যুগ্ন সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল।

মেহেরপুর জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনির সঞ্চালনায় আরো উপস্থিত ছিলেন নজরুল ইসলাম, ফুর্তি হাসান, রনি হোসেন, ইদ্রিস আলী সহ বিভিন্ন নেতাকর্মীরা।